দৈনিক বাংলা

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা ... ৯ কলাম ২

১৯৩

৬১

## ছাত্র সমাজের প্রতি খালেদা জিয়ার আহ্বান

# সন্ত্রাস রোধে দুর্বার আন্দোলন চাই

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সন্ত্রাসের বিরুদ্ধে দুর্জয় আন্দোলন গড়ে তুলতে ছাত্রদের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি স্বৈরতন্ত্রের বিরুদ্ধে যে আদর্শে ছাত্ররা উদ্বুদ্ধ হয়েছিল, সেইরূপ আন্দোলন গড়ে তোলার আবেদন জানান।

তিনি বলেন, 'ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করতে অদম্য আদর্শ নিয়ে আপনাদের আন্দোলন গড়ে তুলতে হবে এবং জাতির উন্নত ভবিষ্যতের জন্য তাকে সফল করতেহবে।'

ইডেন কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে ছাত্রদলের প্যানেল বিজয়ী ছাত্রী ও কলেজের সাধারণ ছাত্রী-দের উদ্দেশে সুগন্ধায় প্রধানমন্ত্রী ভাষণদিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, ভাবী নেত্রী হিসাবে দায়িত্ব বহনের দক্ষতা অর্জনের জন্য ছাত্রীদের লেখাপড়ায় মনোনিবেশ করতে হবে।

জাতীয় উন্নয়ন কর্মসূচীতে ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণের প্রয়োজনীয়তার ওপরও বেগম জিয়া বিশেষ গুরুত্ব আরোপ করেন।

গ্রামের দারিদ্রপীড়িত জনগণের দুর্দশা নিরসনে ঝুড়ি-কোদাল নিয়ে খাল খনন কর্মসূচীতেও অংশ গ্রহণের জন্য তিনি ছাত্রীদের প্রতি আহ্বান জানান।

বিজয়ী ছাত্রীদের দোয়া করার সময় খালেদা জিয়া বলেন, তাদের এ বিজয় সন্ত্রাসের বিরুদ্ধে ছাত্র সমাজের রায়।